# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ অমুসলিম ব্যক্তিরাও কোন ভাল কাজ করলে, সেক্ষেত্রে কল্যাণ শব্দ ব্যবহার করা প্রসঙ্গে

## ذِكْرُ إِطْلَاقِ اسْمِ الْخَيْرِ عَلَى الْأَفْعَالِ الصَّالِحَةِ إِذَا كَانَتْ مِنْ غَيْرِ الْمُسْلِمِينَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ بْنِ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ عَنِ ابْنِ شِهَابٍ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ حَكِيمَ بْنَ حِزَامٍ أَخْبَرَهُ أَنَّهُ قَالَ: يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ أُمُورًا كُنتُ أَتَحَنَّثُ بِهَا فِي الْجَاهِلِيَّةِ: مِنْ صِلَةٍ وَعَتَاقَةٍ وَصَدَقَةٍ فَهَلْ فِيهَا أَجْرٌ؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَسلمتَ عَلَى ما سلف لك من أجر.)

الراوي : حَكِيم بْن حِزَامٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 330 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৩০. হাকীম বিন হিযাম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি জাহেলী যুগে কিছু ভালো কাজ করেছি। যেমন: আত্মীয়তার সম্পর্ক বজায় রাখা, দাসমুক্ত করা, সাদাকা করা প্রভৃতি। এসব কাজের জন্য আমার কোন সাওয়াব আছে কি?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তুমি সেসব কাজের সাওয়াবসহই মুসলিম হয়েছো।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৬৮৫; মুসনাদ আহমাদ: ৩/৪০২; সহীহ আল বুখারী: ১৪৩৬; সহীহ মুসলিম: ১২৩; তাবারানী আল কাবীর: ৩০৮৬; সুনান বাইহাকী: ৯/১২৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৭; আবু আওয়ানা: ১/৭৩; হুমাইদী: ৫৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88629

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন